# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (১০৪) আমরা অনেক সময় দেখি যে, গাড়ী বা দেওয়ালে এক দিকে (الله) এবং অন্য দিকে (محمد) লেখা থাকে, এমনিভাবে কাপড়ের টুকরায়, বইয়ের উপর এবং কুরআন মযীদের গেলাফের উপরও লেখা হয়ে থাকে। এরকমভাবে লেখা কি ঠিক?

উত্তর: এভাবে লেখা জায়েয নেই। কেননা এধরণের লেখাতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আল্লাহর সমান করে দেওয়া হয়ে থাকে এবং অজ্ঞ লোকেরা এভাবে লেখা দেখে উভয় নামকে মর্যাদার দিক থেকে সমান মনে করতে পারে। তাই প্রথমে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নাম মুছে ফেলা উচিৎ। বাকী থাকবে শুধু আল্লাহর নাম। সুফীরা শুধু আল্লাহু, আল্লাহু যিকির করে থাকে। এজন্য আল্লাহু শব্দটিকেও মুছে ফেলতে হবে। সুতরাং গাড়ীতে বা দেওয়ালে বা কাপড়ে বা অন্য কোথাও ‘আল্লাহু’ বা ‘মুহাম্মাদ’ কোনটিই লেখা যাবে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=636

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন